

শেখ আলীমের হাইকু - ৭

মোমের আলোয় শোকাকর্ষ নিউ ইয়র্ক
বাগদাদে মাতা সন্তান হারা কাবুলে এতিম শিশু
জুডাস তোমার চুম্বনে মৃত যিশু।

ফুলের কাছে পাতার কতো দায়
পাপড়ি হারা নিস্ব সবুজ ঝরে পড়ার দিন
ফলের কাছে গাছের যত ঋণ।

যা পাই নগদে কিনে রাখি
বাঁশ পাতা পাখী কাঠের নৌকা মাটির বউ
পথের মেলায় পথ তবু বাকী।

বারবার আসি বারবার ফিরে যাই
তবুও মেটে না পুণর্জন্মে ফিরে দেখবার সাধ
সবার উপরে জীবন সত্য তাই।

দড়ি ভেবেই ছুঁয়ে দিলাম সাপ
ফণায় ফণায় ছোবল ঢালে কাল কেউটের বিষ
ছয় রিপুতে নীলকণ্ঠ ভালবাসার পাপ।

দ্বিচারিণী মেঘে আলোর চক্র বাক
যে এসেছে তারে বুকের বাগানে টেনে নেই
যেতে যে চায় সে যাক।